

আল-মা'আরিজ | Al-Ma'arij | الْمَعَارِج

আয়াতঃ ৭০ : ৭

আরবি মূল আয়াত:

وَنَرَاهُ قَرِيبًا ﴿٧٠﴾

অনুবাদসমূহ:

আর আমি দেখছি তা আসন্ন। — আল-বায়ান

কিন্তু আমি তা নিকটে দেখতে পাচ্ছি। — তাইসিরুল

কিন্তু আমি দেখছি ইহা আসন্ন। — মুজিবুর রহমান

But We see it [as] near. — Sahih International

৭. কিন্তু আমরা দেখছি তা আসন্ন।(১)

(১) কারও কারও মতে এখানে স্থান ও কালের দিক দিয়ে দূর ও নিকট বোঝানো হয়নি; সম্ভাব্যতার ও বাস্তবতার দূরবর্তীতা বোঝানো হয়েছে। আয়াতের অর্থ এই যে তারা কেয়ামতের বাস্তবতা বরং সম্ভাব্যতাকেও সুদূর পরাহত মনে করে আর আমি দেখছি যে, এটা নিশ্চিত। [দেখুন: কুরতুবী]

তাকসীরে জাকারিয়া

(৭) কিন্তু আমি এটাকে আসন্ন দেখছি।[1]

[1] 'সুদূর' অর্থ, অসম্ভব। আর 'আসন্ন' বা 'নিকট' অর্থ, সুনিশ্চিত। অর্থাৎ, কাফেররা কিয়ামতকে অসম্ভব মনে করে থাকে। আর মুসলিমদের বিশ্বাস হল যে, তা অবশ্যই ঘটবে। যেহেতু, فَهُوَ قَرِيبٌ, অর্থাৎ, প্রতিটি জিনিস যা আসবে তা অতি নিকটেই।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5382>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন